



বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

মাধবদী শাখা, নরসিংদী।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

নিলাম বিজ্ঞপ্তি

এত দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেসার্স হৃদয় টেক্সটাইল এর পক্ষে তাহার স্বত্বাধিকারী জনাব মোঃ সানাউল্লাহ, সাং- খোদন্য পাড়া, ডাকঘর- রসুলপুর, থানা- মাধবদী, জেলা- নরসিংদী। বেসিক ব্যাংক লিমিটেড, মাধবদী শাখা, নরসিংদী হতে ০৭/০৩/২০১২ইং তারিখে ৩০.০০ লক্ষ টাকা সিসি (হাইপো) ঋন সীমা গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে স্বত্বাধিকারীর নিজ নামে নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট বন্ধক রাখেন। বারংবার তাগাদা দেয়া স্বত্তেও ব্যাংক ঋণগ্রহীতার নিকট হতে ব্যাংকের পাওনা আদায় করতে পারে নাই। ঋন গ্রহীতার ৩০/০৬/২০২৫ ইং তারিখ পর্যন্ত হিসাব মতে তাহাদের নিকট ব্যাংকের সুদ ও অন্যান্য খরচসহ ব্যাংকের প্রায় ৬১.০০ লক্ষ টাকা পাওনা রয়েছে। ঋণ নেয়ার সময় ঋণ গ্রহীতা বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেছেন। প্রদত্ত ক্ষমতা বলে এবং উপর্যুক্ত আইনের বিধান মতে নিম্নোক্ত তফসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক আগামী ৩০/০৭/২০২৫ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে ব্যাংকের মাধবদী শাখায় রক্ষিত বাস্তব দরপত্র জমা করতে অথবা খামের উপর ‘সম্পত্তি ক্রয় দরপত্র’ লিখে রেজিস্টার ডাকযোগে উক্ত ঠিকানায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকার সময় দরপত্রদাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য বেসিক ব্যাংকের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নোক্ত জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবেঃ

দরপত্রের উদ্ধৃত দর	জামানত	বাকী টাকা পরিশোধের সময়
অনুর্ধ্ব ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন।
১০,০০,০০১/- টাকা হতে অনুর্ধ্ব ৫০,০০,০০০/ টাকা পর্যন্ত	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন।
৫০,০০,০০১/- টাকার অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন।

দরপত্র গৃহীত হইবার পর উপরে বর্ণিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংক এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে বর্ণিত মূল্য অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/ সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিলঃ

১) বন্ধককৃত (৭+৪)=১১.০০ শতাংশ মৌজা-বড় নওপাড়া, থানাঃ নরসিংদী, জেলাঃ নরসিংদী, জে এল নং-সাবেক-২২৫, খতিয়ান নং- সিএস-৮৫৬, এসএ-৭৮১, আরএস-৩৩৫, খারিজা খতিয়ান নং- ২০১৮, দাগ নং-সিএস ও এসএ-৩৭৮, ৩৭৯, আরএস-৬৫২, ৬৬৮।

২) বন্ধককৃত ৯.০০ শতাংশ মৌজা-বড় নওপাড়া, থানাঃ নরসিংদী, জেলাঃ নরসিংদী, জে এল নং- সাবেক-২২৫, খতিয়ান নং- সিএস-৭৪৯, এসএ-৬৭৪, আরএস-২১৪, খারিজা খতিয়ান নং-২০১৮, দাগ নং-সিএস ও এসএ-৩৭৭, আরএস-৫৯৯।

সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান

মাধবদী শাখা, ২৪৮/১, এন,ডি টায়ার, আলগী রোড
কাশীপুর, মাধবদী, নরসিংদী। ফোন: ০১৭১১৮১৫৯৪।

প্রকাশ: ০৮.০৭.২০২৫ ইং

দৈনিক নয়াদিগন্ত এবং গ্রামীন দর্পন (নরসিংদী)